

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
কর্মসংস্থান শাখা-১
www.probashi.gov.bd

নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.

তারিখ : ১০-১২-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬) এবং মেসার্স আমির এভিয়েশন (আরএল-৮৪০)-এর জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিলকরণ সংক্রান্ত।

- সূত্রঃ (১) বিএমইটি'র পত্র নং-৪৯.০১.০০০.০২০.৩১.২১০.১৪.২৩৪৪, তারিখ : ১৯-০৯-২০১৬ খ্রিঃ
(২) বিএমইটি'র পত্র নং ৪৯.০১.০০০.০২০.৩১.২৪১.১৪.২২১৫, তারিখ ৩০-০৮-২০১৬ খ্রিঃ
(৩) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৬০৪, তারিখ-০৯-১০-২০১৬ খ্রিঃ
(৪) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৬২৮, তারিখ-১৭-১০-২০১৬ খ্রিঃ
(৫) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৭৮১, তারিখ-২৭-১১-২০১৬ খ্রিঃ
(৬) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৪০৭, তারিখ-২১-০৩-২০১৭ খ্রিঃ
(৭) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৫৬৪, তারিখ-১২-০৬-২০১৭ খ্রিঃ
(৮) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৫৯১, তারিখ-১৩-০৭-২০১৭ খ্রিঃ
(৯) মন্ত্রণালয়ের পত্র নং-৪৯.০০৩.২৫৬.০২.০০.২৬৮.২০১০.৬৪২, তারিখ-০৯-০৮-২০১৭ খ্রিঃ

যেহেতু, রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬) এবং মেসার্স আমির এভিয়েশন (আরএল-৮৪০)-এর আবেদনের পরিপ্রেক্ষিতে বহির্গমন অধ্যাদেশ, ১৯৮২ অনুযায়ী বিদেশে কর্মী প্রেরণ কার্যক্রম পরিচালনার শর্তে উক্ত এজেন্সির অনুকূলে লাইসেন্স প্রদান করা হয়;

০২। যেহেতু রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬) এবং মেসার্স আমির এভিয়েশন (আরএল-৮৪০) উভয়ের বিরুদ্ধে অভিযোগকারী জনাব জন্টু খান ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা প্রদান করে কাতারে গিয়ে কোন কাজ কর্ম না পেয়ে মাত্র ০১ (এক) দিন থাকার পর দেশে ফেরত আসেন। কাতার থেকে দেশে ফেরত এসে রিক্রুটিং এজেন্সিদের নিকট গেলে কোন ব্যবস্থা না করে অফিস থেকে বের করে দেন। অভিযোগকারী জনাব জন্টু খান বিএমইটিতে অভিযোগ দায়ের করার প্রেক্ষিতে বিএমইটি'র তদন্তে রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অভিযোগ থাকলেও সমঝোতার মাধ্যমে ৫৫,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের বিষয়টি বোধগম্য না হওয়ায় মন্ত্রণালয় গত ০৯-১০-২০১৬, ১৩-০৭-২০১৭ এবং ০৯-০৮-২০১৭ তারিখে কারণ দর্শানোর চূড়ান্ত নোটিশ প্রেরণ করা হলেও অর্থ পরিশোধ সংক্রান্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সীর কোন বক্তব্য পাওয়া যায়নি। এতে প্রতীয়মান হয় উক্ত রিক্রুটিং এজেন্সি আইনের প্রতি শ্রদ্ধাশীল নয়। সাধারণ মানুষ উক্ত রিক্রুটিং এজেন্সি কর্তৃক প্রতারণার স্বীকার হয়েছেন। যা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ১২ ও ১৮ ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। ইতোমধ্যে চূড়ান্ত নোটিশে টাকা পরিশোধের সর্বশেষ সময় সীমা অতিক্রান্ত হয়েছে।

০২। যেহেতু, অভিযোগকারী জনাব সালাম সরদার রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬)-কে ২,৮৩,০০০/- টাকা প্রদান করে কাতারে গিয়ে ২৮ দিন পর প্রতারিত হয়ে দেশে ফিরে আসেন। অভিযোগকারী অভিযুক্ত রিক্রুটিং এজেন্সির অফিসে গিয়ে কোন প্রতিকার না পেয়ে বিএমইটিতে অভিযোগ দাখিল করেন। জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো হতে রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬)-এর বিরুদ্ধে জনাব সালাম সরদার কর্তৃক আনীত অভিযোগটি একতরফাভাবে প্রতিষ্ঠিত হওয়ায় গত ১৭-১০-২০১৬, ২৭-১১-২০১৬, ২১-০৩-২০১৭ এবং ১২-০৬-২০১৭ তারিখে রেজিস্ট্রি ডাকযোগে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলেও অর্থ পরিশোধ সংক্রান্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সীর কোন বক্তব্য পাওয়া যায়নি। এতে প্রতীয়মান হয় উক্ত রিক্রুটিং এজেন্সি আইনের প্রতি শ্রদ্ধাশীল নয়। সাধারণ মানুষ উক্ত রিক্রুটিং এজেন্সি কর্তৃক প্রতারণার স্বীকার হয়েছেন। যা বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ১২ ও ১৮ ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। ইতোমধ্যে চূড়ান্ত নোটিশে টাকা পরিশোধের সর্বশেষ সময় সীমা অতিক্রান্ত হয়েছে।

০৪। সেহেতু, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ এর ১২ ও ১৮ ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬) এবং মেসার্স আমির এভিয়েশন (আরএল-৮৪০)-এর সমুদয় জামানত বাজেয়াপ্তসহ লাইসেন্স বাতিল করা হলো। উভয় রিক্রুটিং এজেন্সির বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ হতে সমান হারে জনাব জন্টু খান এর প্রাপ্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং রিক্রুটিং এজেন্সি এ এম এন্টারপ্রাইজ (আরএল-২৫৬) এর নিকট হতে সালাম সরদার এর প্রাপ্য ২,৮৩,০০০/- (দুই লক্ষ তিরিশি হাজার) টাকা পরিশোধ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ

(ডক্টর কাজী কামরুন নাহার)

উপসচিব

ফোন : ০২৪-৮৩২২৫১৯

মহাপরিচালক


জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইফাটন গার্ডেন

রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ঢাকাছ সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালেশিয়া, দক্ষিণ কোরিয়া ও অন্যান্য দূতাবাসসমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০২। সচিব পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার, বাংলাদেশ দূতাবাস/বাংলাদেশ হাইকমিশন, সৌদি আরব, কাতার, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, বাহরাইন, লিবিয়া, ইরাক, সিংগাপুর, মালেশিয়া, দক্ষিণ কোরিয়া, মরিশাস ও অন্যান্য দূতাবাসসমূহ।
- ০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৬। মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ০৭। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি জরুরী ভিত্তিতে সকল পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। যুগ্ম সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১১। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইফ্রাটন রোড, ঢাকা-১০০০ (বায়রা'র সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। স্বত্বাধিকারী, মেসার্স এ.এম.এন্টারপ্রাইজ (আরএল-২৫৬), বি-৪০০, ২১৬/২১৯, গুলশান শপিং সেন্টার (৪র্থ তলা), এসি মার্কেট গুলশান-১, ঢাকা-১২১২।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক, আমির এভিয়েশন লিঃ, ১৫৮, ডি.আই.টি এক্সটেনশন রোড, নয়া পল্টন (২য় তলা), ঢাকা-১০০০।
- ১৪। জনাব মোঃ সালাম সর্দার, পিতা-সগির সরদার, গ্রাম-শ্রীকল, পোঃ-করন সূন্নি মিশন, থানা ও জেলাঃ-পাবনা (জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৭১-৭২, ইফ্রাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। জনাব মোঃ বাবু খান, পিতা-ইংরেজ খান, গ্রাম-টেরাটিয়া কামাল, ঘোনাপাড়া, দেলদুয়ার, জেলা-টাঙ্গাইল (জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৭১-৭২, ইফ্রাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৭। অফিস কপি।


 (ডক্টর কাজী কামরুন নাহার)
 উপসচিব